পশ্চিমবঙ্গ সরকার

মহকুমা প্রশাসনিক ভবন ও মহকুমা শাসকের করন

গঙ্গারামপুর মহকুমা, বুনিয়াদপুর

ডাক - বুনিয়াদপুর, জেলা - দক্ষিণ দিনাজপুর, পিন নং - ৭৩৩১২১

স্মারক নং ৩৪৪/এস.ডি.ও.(জি) তাং - ২৪/০১/২০১৯

বিজ্ঞপ্তি

দক্ষিণ দিনাজপুর জেলার বুনিয়াদপুর পৌরসভার অন্তর্গত বড়াইল মৌজায় পশ্চিমবঙ্গ সরকারের সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তর কতৃক একটি দ্বিতল কর্মতীর্থ (Marketing Hub)ভবন নির্মিত হয়েছে। উক্ত কর্মতীর্থ ভবনে ৪০ (চল্লিশটি) দোকানঘর / স্টল আছে। এর মধ্যে ৩৮ (আটত্রিশটি) দোকানঘর / স্টল উক্ত কর্মতীর্থ ভবনে দোকানদারি / ব্যবসা / অনুরূপ বাণিজ্যিক কর্ম করতে আগ্রহী এমন ব্যক্তিদের মধ্যে বন্টন করা হবে। District Selection Committee, Dakshin Dinajpur কর্তৃক উক্ত দোকানঘর / স্টলগুলি বন্টনের জন্য ৩৮ জন আগ্রহী ব্যক্তিকে (উপভোক্তাকে) বাছাই (Selection) করা হবে। অবশিষ্ট ২ (দুই) টি দোকানঘর / স্টল District Selection Committee, Dakshin Dinajpur কর্তৃক উপযুক্ত স্ব-নির্ভরদল (Self-Help Group)-কে বন্টন করা হবে। ব্যক্তিগত উপভোক্তাদের মধ্যে বন্টনযোগ্য ৩৮ টি দোকানঘর / স্টলের মধ্যে নিম্নলিখিত সংখ্যক দোকানঘর / স্টলগুলি নিম্নলিখিত Category-এর আবেদনকারীদের জন্য সংরক্ষিত আছেঃ

i. মহিলাঃ ১০টি
ii. Scheduled Caste / Scheduled Tribe: ১০টি
iii. সংখ্যালঘুসম্প্রদায়ঃ ১০টি

যদি সংরক্ষিত Category-তে যথেষ্ট সংখ্যক আবেদনপত্র না পাওয়া যায় বা যথেষ্টসংখ্যক উপযুক্ত প্রার্থী না পাওয়া যায় তাহলে District Selection Committee সাধারণ আবেদনকারীদের মধ্যে থেকে সংরক্ষিত Quota-র অপূর্ণঅংশ বন্টনকরে দিতে পারেন।

নিম্ন বিবৃত যোগত্যাসম্পন্ন বংশীহারি ব্লকের অথবা বুনিয়াদপুর পৌরসভার এমন সকলব্যক্তি যাঁরা উক্ত কর্মতীর্থ ভবনে দোকানঘর / স্টল নিয়ে ব্যক্তিগত পুঁজি ও উদ্যোগে দোকানদারি / ব্যবসা / অনুরূপ বাণিজ্যিক কর্ম চালাতে আগ্রহী তাঁদের সকলকে দোকানঘর / স্টল প্রাপ্তির জন্য এই বিজ্ঞপ্তির সঙ্গে সংযুক্ত নির্ধারিত ফর্মে আবেদনপত্র দাখিল করার জন্য আহ্বান করা হচ্ছে।

যোগ্যতাবলী (Eligibility Criteria):

আব্যশিকযোগ্যতা (Mandatory Eligibility Criteria):

(১)আবেদনকারীকে অতিঅবশ্যই বংশীহারি ব্লকের অথবা বুনিয়াদপুর পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ীবাসিন্দার প্রমানস্বরূপ আবেদনকারীকে অতিঅবশ্যই আবেদনপত্রের সঙ্গে নিম্নবিবৃত নথিপত্রাদি দাখিল করতে হবে ----

i. সরকার কতৃক বা সরকার স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ১ (একটি) ফটোসহ পরিচয়পত্র (Photo-bearing Identity Card) –এর Self-Attested Photocopy / Xerox কপি। [যথা- EPIC (Electoral Photo Identity Card) / Aadhar Card ইত্যাদির একটির Self-Attested Photocopy / Xerox কপি]
ii. স্থানীয় প্রধান / পঞ্চায়েত সমিতির সভাপতি / এম.এল.এ / বি.ডি.ও / এস.ডি.ও/ পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার শংসাপত্র।

(২) আবেদনকারীকে অতিঅবশ্যই পশ্চিমবঙ্গ সরকারের Employment Bank-এ Validly নথিভুক্ত হতে হবে। Employment Bank-এ Valid Enrolment –এর Acknowledgement নথিটির Self-attested copy অতি অবশ্যই আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

(৩) আবেদনকারীর বয়স অতিঅবশ্যই ০১.০১.২০১৯ তারিখে ১৮ বছর বা ততোধিক হতে হবে। বয়সের প্রমানস্বরূপ আবেদনকারীর জন্ম সার্টিফিকেট, স্কুল সার্টিফিকেট, মাধ্যমিক বোর্ড (WBBSE) / মাদ্রাসাবোর্ড (WBBME) বা সমতুল্যবোর্ড -এর Admit Card বা Certificate দাখিল করতে হবে।

অতিরিক্ত কাঙ্ক্ষিত গুনাবলী (Additional Preferred Qualities):১) আবেদনকারীর দোকান / ব্যবসা / বাণিজ্যিককর্মের পূর্ব অভিজ্ঞতা থাকলে ভালো হয়। (২) আবেদনকারী কর্মতীর্থে যে ব্যবসা / বাণিজ্যিককর্ম করতে ইচ্ছুক সেই বিষয়ক কোনো ট্রেনিং করা থাকলে ভালো হয়।

আবেদনকারীদের অবগতির জন্য আরো জানানো হচ্ছে যে --

i. একজন আবেদনকারী সর্বাধিক একটি দোকানঘর / স্টল পেতে পারবেন। কোনো আবেদনকারীকেই একের অধিক দোকানঘর / স্টল বন্টন করা হবে না। দোকানঘর / স্টল বন্টনের ক্ষেত্রে District Selection Committee-র সিদ্ধান্তই চূড়ান্ত।

ii. নির্বাচিত উপভোক্তাকে সম্পূর্ণ বিনামূল্যে দোকানঘর / স্টল ব্যবসা করার নিমিত্ত দেওয়া হবে। সরকার এইবাবদে উপভোক্তার কাছ থেকে কোনো প্রকারে (সালামী / ভাড়া / ফি ইত্যাদি বাবদ) কোনো অর্থ গ্রহন করবেন না।

iii. কর্মতীর্থটির রক্ষনাবেক্ষন ও সুচারু পরিচালনের লক্ষ্যে উপভোক্তাদের সদস্য হিসাবে নিয়ে একটি Users' Group / SPV (Special Purpose Vehicle) গঠিত হবে। এই User' Group / SPV কর্মতীর্থের রক্ষনা বেক্ষন, পরিচালনা ইত্যাদি কার্যসম্পাদন করবেন। উপভোক্তাদেরকে ইলেকট্রিক বিল, জল সরবরাহ, টেলিফোন বিল, ছোটোখাটো মেরামতি ইত্যাদির খরচ নিজেদেরকে বহন করতে হবে। এই সকল খরচ বহন করার জন্য SPV উপভোক্তাদের নিকট থেকে User Charges / Betterment Fee ইত্যাদি সংগ্রহ করতে পারবে। তাছাড়া একেবারে শুরুতে SPV সদস্য চাঁদা হিসাবে প্রত্যেকসদস্যের কাছ থেকে ৫০০ (পাঁচশত) টাকা সংগ্রহ করবে।

iv. উপভোক্তা কর্মতীর্থে দোকানঘর / স্টল তাঁর নিজের ব্যবসার জন্য স্বাধীন ভাবে ব্যবহার করবেন; কিন্তু দোকানঘর / স্টলের পূর্ণমালিকানা থাকবে পশ্চিমবঙ্গসরকারের। যদি কোনো উপভোক্তা এমন কোনো কাজ করেন যা কর্মতীর্থের সুনাম ও সুষ্ঠ রক্ষনাবেক্ষেন / পরিচালনার পক্ষে ব্যাঘাতস্বরূপ বা সার্বিকভাবে সমাজ ও জনস্বার্থের পরিপন্থী তাহলে District Selection Committee ঐ উপভোক্তাকে দোকানঘর / স্টল থেকে বহিষ্কারকরে অন্য উপভোক্তাকে ঐ দোকানঘর / স্টল বন্টনকরার অধিকারী থাকবেন। এব্যাপারে District Selection Committee-র সিদ্ধান্তই চূড়ান্ত।

সকল আগ্রহী ব্যাক্তিকে এই বিজ্ঞপ্তির সঙ্গে সংযুক্ত নির্ধারিত ফর্মে তাঁদের আবেদনপত্রটি প্রয়োজনীয় নথিপত্রাদিসহ আগামী ০৮.০২.২০১৯ তারিখ বিকাল ৫ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্য্যালয়ে জমা দিতে অনুরোধ করা হচ্ছে। আবেদনকরার জন্য নির্ধারিত ফর্মটির Photocopy বা Print copy ব্যবহার করা যেতে পারে।

সংযোজনীঃ যথাবিবৃত

দেবাঞ্জন রায় ২৪.০১.১৯.

মহকুমা শাসক

গঙ্গারামপুর, বুনিয়াদপুর

স্মারক নং ৩৪৪/১(১৬)এস.ডি.ও.(জি)

তাং - ২৪/০১/২০১৯

অবগতির নিমিত্ত ও বিষয়টির বহুল প্রচারের অনুরোধসহ প্রেরিত হ'লঃ

(১) সভাধিপতি, দক্ষিণদিনাজপুর জেলাপরিষদ, বালুরঘাট।

(২) জেলাশাসক, দক্ষিণদিনাজপুর, বালুরঘাট।

(৩) পৌরাধ্যক্ষ, বুনিয়াদপুর পৌরসভা।

(৪) ব্লক উন্নয়ন আধিকারিক, বংশীহারি ব্লক, দক্ষিণদিনাজপুর।

(৫) সভাপতি, বংশীহারি পঞ্চায়েতসমিতি, দক্ষিণদিনাজপুর।

(৬-১০) The A.D.A / BL & LRO / BMOH / CDPO / BLDO Banshihari Block, Dakshin Dinajpur.

(১১) The Sub-Inspector of Schools Banshihari Circle, Dakshin Dinajpur.

(১২) The District Informatics Officer, NIC, Dakshin Dinajpur, বিজ্ঞপ্তিটি ও তৎসহ সংযুক্ত ফর্মটি দক্ষিণদিনাজপুর জেলার official website-এ publish করার জন্য অনুরোধ জানানো হ'ল।

(১৩-১৬) প্রধান মহাবাড়ী / ব্রজবল্লভপুর / গাঙ্গুরিয়া / এলাহাবাদ গ্রামপঞ্চায়েত।

দেবাঞ্জন রায় ২৪.০১.১৯.

মহকুমা শাসক

গঙ্গারামপুর, বুনিয়াদপুর